

বাংলাদেশ প্রতিদিন

অপহরণে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা!

গাজীপুর প্রতিদিন

মুক্তিপন দাবিতে অপহরণে জড়িত থাকার অভিযোগে গভর্ণমেন্ট বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নয় শিক্ষার্থীকে গ্রেফতার করেছে র্যাব। এ সময় গাজীপুর থেকে অপহৃত দুই যুবককে উদ্ধার করা হয়েছে। র্যাব জানায়, গাজীপুরের ডাওরাইদ দক্ষিণপাড়া প্রতিবন্ধী নগর সড়কের তিন মাথার মোড় থেকে উত্তরা আইইউবিএটির ছাত্র ও কাপাসিয়ার রাওনাট গ্রামের শেখ শাহজাহানের ছেলে শেখ শাহিন (২৬), বরিশাদের বাবুগঞ্জ উপজেলার লোহালিয়া গ্রামের আজিজুর রহমানের ছেলে তারিকুর রহমান (২২), ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার আবুল বাশার মিয়া ছেলে মো. রকি ওরফে জীবন (২০), টাঙ্গাইলের মধুপুরের বীরতারা গ্রামের আবু তারেক (২৫), ময়মনসিংহের হালুয়াঘাটের নাগলা বাজার এলাকার কৃষ্ণচন্দ্র রায়ের ছেলে সঞ্জয় রায় (২৩), সিরাজগঞ্জের উল্লাপাড়ার খোয়ালিয়া পাগলা গ্রামের আবদুস সালামের ছেলে আল আমিন (২২), ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) ছাত্র ও গাজীপুরের শিমুলতলীর শেখ ওলিদুল ইসলামের ছেলে শেখ সাকিব (২৩) এবং উত্তরা ইউনিভার্সিটির ছাত্র কাপাসিয়ার দুর্গাপুর গ্রামের আবদুস সাব্বারের ছেলে মো. কাইয়ুমকে (২৪) অপহরণে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার করা হয়। এ সময় অপহরণ কাজে ব্যবহৃত মাইক্রোবাস ও ছয়টি মোবাইল ফোন সেটও উদ্ধার করা হয়েছে। পরে তাদের

দেওয়া ভাষ্যের ভিত্তিতে উত্তরা আইইউবিএটির ছাত্রী চাঁপাইনবাবগঞ্জের জোলাহাট উপজেলার চামামুশরীভুল গ্রামের হুমায়ুন কবিরের মেয়ে সাবরিনা কবির ওরফে মোমিতাকে (২০) উত্তরার বাসা থেকে গ্রেফতার করা হয়।

র্যাব জানায়, গাজীপুর কালীগঞ্জের মোজারপুর গ্রামের ফটিক মিয়া ছেলে শিমন মিয়া (২৮) ও মে মিসাপুর থেকে দেশে আসেন। এরপর রাজধানীর উত্তরার আইইউবিএটির ছাত্রী সাবরিনা কবির ওরফে মোমিতা পূর্ব পরিচিতির ডাব দেখিয়ে মোবাইল ফোনে

নারীসহ নয়জন
গ্রেফতার

শিমনের সঙ্গে সম্পর্ক গড়ার চেষ্টা করেন। ফোনলাপের এক পর্যায়ে মোমিতা দেখা করতে শিমনকে গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) গেটের সামনে আসতে

বলেন। সে অনুযায়ী শিমন তার চাচাত ভাই সাদ্দামকে (২৪) নিয়ে সোমবার দুপুরে বারি গেটে যান। এ সময় আট-নয় জন র্যাব পরিচয় দিয়ে তাদের একটি মাইক্রোবাসে উঠিয়ে নিয়ে যায়। পরে তারা র্যাব ক্যাম্পে নিয়ে যাওয়ার কথা বলে দুজনের চোখ বেঁধে ডাওরাইদ দক্ষিণপাড়া প্রতিবন্ধী নগরের আকাশমণি বনে নিয়ে যায়। সেখানে তারা এলোপাতাড়ি মারধর করতে থাকে। এ সময় অপহরণকারীরা ৫ লাখ টাকা মুক্তিপন দাবি করে শিমনকে তার বড় ভাইয়ের সঙ্গে যোগাযোগ করতে বলেন। না হলে হাত-পা কেটে ফেলার হুমকি দেয়। এ ঘটনা পাশের আমবাগানে কর্মরত এক নারী দেখতে পেয়ে স্থানীয় পোড়াবাড়ী র্যাব ক্যাম্পে খবর দেয়।



গণভবনে রবিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের উপ-প্রধানমন্ত্রী মিস লিও ইয়ানদংয়ের উপস্থিতিতে সাউথইস্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর আনোয়ার হোসেন এবং উহান টেক্সটাইল ইউনিভার্সিটির প্রেসিডেন্ট প্রফেসর উয়েই ই লিয়াং শিক্ষা সহযোগিতা বিষয়ক চুক্তিতে স্বাক্ষর করেন। বিজ্ঞপ্তি।